**অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে:** 3/16/2022 **গভর্নর ক্যাথি হোকল**

# গভর্নর হোকল ঘোষণা করলেন যে ফরাসি কোম্পানি লা ফার্মিয়ের জেনেসি কাউন্টিতে নতুন 25 মিলিয়ন উৎপাদন কারখানা নির্মাণ করবে

***কোম্পানিটি বাটাভিয়ার জেনেসি ভ্যালি এগ্রি-বিজনেস পার্কে একটি 45,000 বর্গফুটের দই ও দুগ্ধজাত মিষ্টান্ন প্রস্তুতকারক প্ল্যান্ট নির্মাণ করবে; 135টি নতুন কর্মসংস্থান সৃষ্টির প্রতিশ্রুতি***

***কমিউনিটিসমূহকে পুনরুজ্জীবিত করার এবং অর্থনীতিকে শক্তিশালী করার লক্ষ্যে অঞ্চলটির বিস্তৃত কৌশল - NYS এর বিনিয়োগ "ফিঙ্গার লেকস ফরোয়ার্ড" এর সম্পূরকের কাজ করে***

***AG পার্কে লা ফার্মিয়ের পার্সেলের ছবি এখানে পাওয়া যাবে।***

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে একটি পারিবারিক মালিকানাধীন ফরাসি দই ও মিষ্টান্ন কোম্পানি লা ফার্মিয়ের (La Fermière) তাদের মার্কিন উৎপাদন কর্মকাণ্ড নিউ ইয়র্ক স্টেটে স্থাপন করবে। কোম্পানিটি বাটাভিয়ার জেনেসি ভ্যালি এগ্রি-বিজনেস পার্কে (Genesee Valley Agri-Business Park) একটি 45,000 বর্গফুটের দই ও দুগ্ধজাত মিষ্টান্ন উৎপাদন কারখানা নির্মাণের প্রতিশ্রুতি নিয়েছে, যা ভবিষ্যতে আরো সম্প্রসারণ করার পরিকল্পনা রয়েছে। ফলস্বরূপ, লা ফার্মিয়ের অঞ্চলে 135টি পর্যন্ত নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে। পাশাপাশি, কোম্পানিটি এর বিশ্বে সুপরিচিত দুগ্ধজাত পণ্য তৈরির জন্য নিউ ইয়র্ক দুগ্ধ খামারিদের প্রদত্ত মিলিয়ন মিলিয়ন পাউন্ড দুধ ব্যবহার করবে। কৃষিব্যবসা হলো স্থানীয়ভাবে নকশা করা ফিঙ্গার লেকস ফরোয়ার্ড (Finger Lakes Forward) পরিকল্পনার একটি কেন্দ্রীয় স্তম্ভ, এটি একটি সার্বিক পরিকল্পনা যা আঞ্চলিক অর্থনীতির পুনরুজ্জীবন এবং বিকাশের জন্য কাজ করছে।

"আমরা লা ফার্মিয়েরকে জেনেসি কাউন্টিতে স্বাগত জানাতে পেরে গর্বিত, যা ফিঙ্গার লেকস অঞ্চলে কর্মসংস্থান ও সুযোগ নিয়ে আসবে," **গভর্নর হোকল বলেন।** "বিনিয়োগটি প্রদর্শন করে যে ফিঙ্গার লেকসের জন্য আমাদের সাহসী অর্থনৈতিক পুনরুদ্ধার পরিকল্পনা কাজ করছে, এটি নতুন ব্যবসাসমূহকে আকৃষ্ট করছে এবং পুরো অঞ্চলের সম্প্রদায়সমূহকে বিকাশ ও সমৃদ্ধি করতে সাহায্য করছে।"

1952 সালে ফ্রান্সের মার্সেইলিতে প্রতিষ্ঠিত কোম্পানিটিকে 2002 সালে গ্রুপ টার্পিনিয়ান (Groupe Tarpinian) কিনে নেয়। 2010 দশকের মাঝামাঝি থেকে শেষের দিকে, লা ফার্মিয়ের মার্কিন বাজারে টেকসই মোড়কের ফরাসি দই নিয়ে আসার প্রচেষ্টায় একটি নিউ ইয়র্ক স্টেটভিত্তিক সহ-মোড়কজাতকারীর সাথে কাজ শুরু করে। কোম্পানিটি এর অত্যাধুনিক প্রস্তুতকারক কারখানার জন্য পুরো দেশে বিভিন্ন সাইট বিবেচনা করেছে, কিন্তু স্টেট ও এর আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ অংশীদার উভয়ের নিবিষ্ট সমর্থনের কল্যাণে এর জন্য নিউ ইয়র্ককে বেছে নিয়েছে।

**লা ফার্মিয়েরের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা জন-জ্যাকাস টার্পিনিয়ান বলেন,** "আমরা নিউ ইয়র্কের বাটাভিয়ায় আমাদের সর্বপ্রথম দই ও মিষ্টান্ন উৎপাদন কারখানা গঠনের এই প্রকল্প শুরু করতে পেরে অত্যন্ত আনন্দিত। স্টেট এবং জেনেসি কাউন্টি অর্থনৈতিক বিকাশ কেন্দ্র (Genesee County Economic Development Center, GCEDC) দলের দারুণ সমর্থন আমাদেরকে সিদ্ধান্ত নিতে সত্যিই সাহায্য করেছে। বাটাভিয়া সাইটটি সাফল্যের জন্য আমাদের প্রধান প্রয়োজনসমূহ মেটাতে পারে: মানসম্পন্ন দুধ এবং বৃহৎ ক্রিম সরবরাহ, লজিস্টিক হাব এবং কর্মীবাহিনীর উপলভ্যতা। স্থানীয় খামারিদের কাছাকাছি, দুধ উৎপাদনের কেন্দ্রে থাকা আমাদের জন্য মুখ্য ছিলো, যেহেতু আমরা প্রতি বছর 6 মিলিয়ন গ্যালন পর্যন্ত দুধ ব্যবহার করি। মার্কিন বাজারে আমাদের পাঁচ বছরের উপস্থিতি আমাদের সকল প্রত্যাশাকে অতিক্রম করেছে। অত্যাধুনিক কারখানাটি আমাদেরকে মার্কিন বাজারে আমাদের অত্যন্ত উচ্চাকাঙ্ক্ষী লক্ষ্য অর্জনে সাহায্য করবে, যা উদ্ভাবনী রন্ধনপ্রণালী ও প্রক্রিয়া দ্বারা সেরা সম্পূর্ণ প্রাকৃতিক দই এবং মিষ্টান্ন প্রস্তুতের মাধ্যমে বিশাল সুযোগ সৃষ্টি করবে।"
**এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের (Empire State Development) ভারপ্রাপ্ত কমিশনার এবং প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা পদপ্রাপ্ত হোপ নাইট বলেন,** "বাটাভিয়ায় লা ফার্মিয়েরের নতুন প্ল্যান্ট খামারিদের উন্নতি করবে, ভালো বেতনের স্থানীয় চাকরি সংযোজন করবে যা দুগ্ধ শিল্পের অব্যাহত প্রবৃদ্ধি ও সাফল্যকে সমর্থন করবে, এবং অঞ্চলটির কৃষি ভিত্তিকে আরো শক্তিশালী করবে। কোম্পানিটির এখানে উৎপাদন কারখানা স্থাপন করার সিদ্ধান্ত আরেকবার প্রমাণ করে যে নিউ ইয়র্ক স্টেট কৃষিব্যবসার একটি নেতা।"

**জেনেসি কাউন্টি অর্থনৈতিক বিকাশ কেন্দ্রের প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা স্টিভেন জি. হাইড বলেন,** "লা ফার্মিয়েরের মার্কিন কর্মকাণ্ড জেনেসি কাউন্টিতে স্থাপন করার তাদের সিদ্ধান্ত প্রদর্শন করে যে জেনেসি ভ্যালি এগ্রিবিজনেস পার্কের মতো কাজের জন্য প্রস্তুত সাইটে বিনিয়োগ করা নিউ ইয়র্কে দারুণ কোম্পানিদের আকৃষ্ট করে। আমরা এই প্রকল্পটি সফল হতে দেখার জন্য লা ফার্মিয়েরের সাথে কাজ করার জন্য উৎসাহী, যেহেতু আমরা আমাদের খাদ্য ও পানীয় প্রস্তুতকারক কর্মীবাহিনীর বিকাশ করে যাচ্ছি। গভর্নর হোকলের নেতৃত্বের কল্যাণে, ব্যবসাসমূহ তাদের বিকাশের জন্য নিউ ইয়র্কে সঠিক সাইট ও প্রস্তুত সম্প্রদায় খুঁজে নিতে পারছে।"

**স্টেটের কৃষি কমিশনার রিচার্ড এ. বল বলেন,** "আমরা লা ফার্মিয়েরকে জেনেসি কাউন্টিতে তাদের ব্যবসা বৃদ্ধির জন্য নিউ ইয়র্ক স্টেটে স্বাগত জানাতে পেরে গর্বিত, এটি নিউ ইয়র্ক স্টেটের দুগ্ধশিল্পের জন্য একটি বড় জয়। নিউ ইয়র্ককে বাছাই করার মাধ্যমে, লা ফার্মিয়ের আমাদের স্টেটের দুগ্ধশিল্পের শক্তি ও বৈচিত্র্যের উপর আলোকপাত করেছে, যা নতুন ব্যবসাসমূহকে আকৃষ্ট করে যাচ্ছে এবং সকলের উপভোগের জন্য সুস্বাদু, বিশ্বমানের দুগ্ধপণ্য উৎপাদন করে

যাচ্ছে। লা ফার্মিয়েরের মার্কিন উৎপাদন কারখানা নিউ ইয়র্কে হওয়ার ফলে তা নতুন কর্মসংস্থান সৃষ্টি করবে এবং নিউ ইয়র্কের দুগ্ধ খামারিদের দুধের চাহিদা বৃদ্ধি করবে, যা নিঃসন্দেহে আমাদের দুগ্ধখামারি এবং আমাদের সম্প্রদায়সমূহের জন্য দ্বৈত বিজয়। লা ফার্মিয়ের যখন এখানে শেকড় স্থাপন করবে তখন তাদের সাথে অংশীদারিত্ব করতে আমরা উন্মুখ এবং আমরা জেনেসি ভ্যালি এগ্রিবিজনেস পার্কের অব্যাহত সাফল্য ও সম্প্রসারণ দেখতে উন্মুখ।"

**সিনেটর এডওয়ার্ড এ. রাথ দ্য থার্ড বলেন,** "আমাদের সম্প্রদায়ে কর্মসংস্থান সৃষ্টি অতি গুরুত্বপূর্ণ।আমাদের অর্থনীতি মহামারীর সময় ক্ষতিগ্রস্ত হয়েছে, নতুন সুযোগ সৃষ্টি করতে তা পুনরুজ্জীবনে সাহায্য করবে। আমি জেনেসি কাউন্টিতে তাদের পণ্য নিয়ে আসার জন্য লা ফার্মিয়েরের প্রশংসা করছি এবং দারুণ এই সুযোগ পাওয়ার জন্য বাটাভিয়াকে অভিনন্দন জানাচ্ছি।"

**অ্যাসেম্বলিম্যান স্টিভেন হওলি বলেন,** "ব্যাটাফিয়ার জেনেসি ভ্যালি এগ্রি-বিজনেস পার্কে লা ফার্মিয়েরের আগমন আরেকটি চিহ্ন যে আমাদের অঞ্চল সত্যিই নিউ ইয়র্ক স্টেটের মধ্যে কৃষিব্যবসার হটস্পট হয়ে উঠছে। প্রস্তুতকারকদের আমাদের উচ্চ মানের, স্থানীয় দুগ্ধ ব্যবহার করতে দিতে জেনেসি ভ্যালি এগ্রি-বিজনেস পার্কের সক্ষমতা আমাদের গ্রামীণ অর্থনীতিকে একবারে পরবর্তী প্রজন্মে পৌঁছে যেতে, আমাদের খামারিদের আরো বেশি পণ্য পুরো দেশের মুদি দোকানে পৌঁছে যেতে এবং আমাদের অতি দক্ষ কর্মীবাহিনীকে চাকরি দিতে সাহায্য করেছে। এটি আমাদের গ্রামীণ অর্থনীতির বিকাশে একটি অসাধারণ সম্পদ হয়ে আছে এবং এর সাফল্য আমাদের খামারিরা ব্যাপক মাত্রায় বিশেষ পণ্য উৎপাদন করতে চাওয়া কোম্পানিগুলিকে কী মান প্রদান করতে পারে তার প্রমাণস্বরূপ।"

**জেনেসি কাউন্টি আইনসভার প্রধান শেলি স্টাইন বলেন,** "ধন্যবাদ গভর্নর হোকলকে, লা ফার্মিয়েরকে জেনেসি কাউন্টির পথ দেখিয়ে আনার জন্য এবং আমাদের তরুণদের দারুণ ক্যারিয়ারের আরেকটি সুযোগ তৈরির জন্য। লা ফার্মিয়ের, এবং O-AT-KA মিল্ক প্রোডাক্টস (O-AT-KA Milk Products), ডেইরি ফার্মার্স অফ আমেরিকা (Dairy Farmers of America), HP হুড (HP Hood), আপস্টেট নায়াগ্রা কোঅপারেটিভ (Upstate Niagara Cooperative), এবং ইয়েন্সিস ফ্যান্সি (Yancey's Fancy) দ্বারা সাম্প্রতিক বিনিয়োগ এটি প্রদর্শন করে যে দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ বিকাশের জন্য জেনেসি কাউন্টি একটি আদর্শ স্থান। বিনিয়োগগুলির আমাদের খামার পরিবারগুলি, অত্যন্ত দক্ষ এবং নিবেদিত কর্মী, শক্ত কৃষি অর্থনীতি এবং স্বাগত সম্প্রদায়গুলির উপর একটি দুর্দান্ত ইতিবাচক প্রভাব রয়েছে।"

**টাউন সুপারভাইজার গ্রেগ পোস্ট বলেন,** "বাটাভিয়া টাউন আমাদের এগ্রি-বিজনেস অর্থনীতিতে আরেকটি বিনিয়োগ স্বাগত জানাতে পেরে আনন্দিত। লা ফার্মিয়েরের উচ্চমানের পণ্য এবং কর্মকাণ্ড আমাদের সম্প্রদায়ের দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ হাব, জোরদার কর্মীবাহিনীর প্রশিক্ষণ, এবং ব্যবসায়িক প্রবৃদ্ধি সমর্থনে প্রতিশ্রুতির সাথে দারুণ মানানসই হবে।"

**ফিঙ্গার লেকস আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের (Finger Lakes Regional Economic Development Council) সহ-সভাপতি, গ্রেটার রচেস্টার চেম্বার অফ কমার্সের (Chamber of Commerce) প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা বব ডাফি, এবং নিউ**

**ইয়র্ক স্টেট ইউনিভার্সিটি (State University of New York, SUNY) জেনেসোর প্রেসিডেন্ট ডেনিস ব্যাটলস বলেন,** "দুগ্ধশিল্প স্থানীয় অর্থনীতির একটি মুখ্য চালক। এটি জেনেসি কাউন্টির জন্য এবং অঞ্চলটির জন্য সামগ্রিকভাবে একটি দুর্দান্ত খবর। আমরা সমৃদ্ধশালী AG পার্ককে এই উল্লেখযোগ্য বিনিয়োগের জন্য নির্বাচন করার জন্য লা ফার্মিয়েরকে ধন্যবাদ জানাতে চাই কারণ প্রকল্পটি দৃঢ় কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করবে এবং একই সময়ে ফিঙ্গার লেকস অঞ্চলের পুরোটা জুড়ে উপলভ্য শক্ত দুগ্ধ খামার শিল্পকেও সমর্থন করবে।"

**কর্নেল এগ্রিটেকের (Cornell AgriTech) নিউ ইয়র্ক স্টেট সেন্টার ফর এক্সিলেন্স ফর ফুড অ্যান্ড এগ্রিকালচারের (New York State Center of Excellence for Food and Agriculture) নির্বাহী পরিচালক ক্যাথেরিন ইয়ং বলেন,** "লা ফার্মিয়ের একটি শীর্ষস্থানীয় দই কোম্পানি, এবং আমরা অতিশয় আনন্দিত যে তারা পশ্চিম নিউ ইয়র্কে কর্মসংস্থান, অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং দুগ্ধশিল্পকে সম্প্রসারণ করছে। এখন ভোক্তাদের পূর্বের যেকোনো সময়ের থেকে বেশি স্থানীয়ভাবে উৎপন্ন খাদ্য প্রয়োজন, এবং খামারিদের তাদের লাভ বৃদ্ধি করার জন্য তাদের দুধ প্রদান করার স্থান প্রয়োজন। নিউ ইয়র্ক এখনো উত্তরপূর্বের শীর্ষস্থানীয় কৃষি স্টেট, এবং কর্নেল ইউনিভার্সিটি (Cornell University) অর্থনৈতিক বিকাশ, খাদ্য বিজ্ঞান, দুগ্ধ উৎপাদন এবং কর্মীবাহিনী নির্মাণে এর ব্যাপক দক্ষতা নিয়ে প্রস্তুত আছে, কোম্পানিটিকে এবং দুগ্ধশিল্পকে বিকশিত ও সমৃদ্ধ হতে সাহায্য করার জন্য।লা ফার্মিয়ের যখন তাদের পণ্যের সংখ্যা বৃদ্ধি করবে এবং আমাদের স্টেটে তাদের নতুন অত্যাধুনিক প্ল্যান্ট নির্মাণ করবে তখন তাদের সাথে কাজ অব্যাহত রাখতে আমরা উন্মুখ। চমৎকার এই প্রকল্পটিকে বাস্তবে পরিণত করতে যারা একদল হয়ে কাজ করেছে তাদের প্রত্যেককে আমাদের সালাম।"

**গ্রেটার রচেস্টার এন্টারপ্রাইজের (Greater Rochester Enterprise) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা ম্যাট হার্লবাট বলেন,** "বাটাভিয়ার জেনেসি ভ্যালি এগ্রি-বিজনেস পার্কে লা ফার্মিয়েরের সম্প্রসারণ তাদের নিউ ইয়র্ক স্টেটের দুগ্ধশালার কেন্দ্রে স্থাপন করে, যার সাথে তারা পাচ্ছে একটি সম্পূর্ণ অন্তর্ভুক্ত সরবরাহ চেইন যা তাদের লজিস্টিক দিয়ে সহায়তা করবে। লা ফার্মিয়ের নিউ ইয়র্কের গ্রেটার রচেস্টার অঞ্চলের 250টির বেশি খাদ্য ও পানীয় কোম্পানি ও সরবরাহকারীর সাথে যোগ দিলো, যারা সম্প্রদায়ের সমৃদ্ধ কৃষি সংস্থান, বিশ্বমানের গবেষণা ও বিকাশ সংস্থান, এবং সূক্ষ্ম প্রস্তুতকরণ, প্রকৌশল, এবং মোড়কজাতকরণে প্রশিক্ষিত কর্মীবাহিনী ব্যবহার করে থাকে।"

**ইনভেস্ট বাফেলো নায়াগ্রার (Invest Buffalo Niagara) প্রেসিডেন্ট ও প্রধান নির্বাহী কর্মকর্তা টম কুশার্কি বলেন,** "আমরা পশ্চিম নিউ ইয়র্কে লা ফার্মিয়েরকে স্বাগত জানাতে পেরে আনন্দিত। লা ফার্মিয়ের অঞ্চলটির ক্রমবর্ধমান খাদ্য ও দুগ্ধ প্রক্রিয়াজাতকরণ ক্লাস্টারে যোগ দিলো, যা এর শক্ত কর্মীবাহিনী, ক্রয়ক্ষমতা, মুখ্য বাজারের সাথে নিকটবর্তিতা, সরবরাহ চেইনের উপলভ্যতা, এবং আরো অনেক কিছুর জন্য দেশের সবথেকে সেরাগুলির একটি। এই সিদ্ধান্তটি এছাড়াও আন্তর্জাতিক কোম্পানিকে আকৃষ্ট করতে এবং উত্তর আমেরিকার বাজারের সদর দরজা হিসেবে কাজ করতে আমাদের সক্ষমতাকে সত্য প্রমাণ করে।"

লা ফার্মিয়েরের ব্যাপারে আরো তথ্য জানতে, ভিজিট করুন https://www.lafermiere.us/।

জেনেসি ভ্যালি এগ্রি-বিজনেস পার্কের ব্যাপারে আরো তথ্য জানতে, ভিজিট করুন http://www.gcedc.com/AgPark।

## ফিঙ্গার লেক ফরওয়ার্ড ত্বরান্বিত করা

আজকের ঘোষণাটি "ফিঙ্গার লেকস ফরওয়ার্ড" এর পরিপূরক, যা শক্তিশালী অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং সম্প্রদায়ের উন্নয়নের জন্য এই অঞ্চলের ব্যাপক ব্লুপ্রিন্ট। আঞ্চলিকভাবে পরিকল্পিত পরিকল্পনাটি ফোটোনিক্স, কৃষি এবং খাদ্য উৎপাদন, এবং উন্নত উত্পাদন সহ মূল শিল্পগুলিতে বিনিয়োগের উপর দৃষ্টি নিবদ্ধ করে। এখন, অঞ্চলটি আপস্টেট পুনর্জাগরণ উদ্যোগের মাধ্যমে 500 মিলিয়ন মার্কিন ডলারের রাষ্ট্রীয় বিনিয়োগের সাথে ফিঙ্গার লেকস ফরওয়ার্ডকে ত্বরান্বিত করছে। স্টেটের 500 মিলিয়ন মার্কিন ডলারের বিনিয়োগ বেসরকারি ব্যবসগুলিকে 2.5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি বিনিয়োগ করতে অনুপ্রাণিত করবে - এবং জমা দেওয়া অঞ্চলের পরিকল্পনাটি 8,200-টি অবধি নতুন চাকরি প্রদান করার আশা রাখে। আরও তথ্য এখানে রয়েছে।

## এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট হল নিউ ইয়র্কের প্রধান অর্থনৈতিক বিকাশ এজেন্সি। ESD এর মিশন হচ্ছে একটি উন্নত এবং ক্রমবর্ধমান অর্থনীতি প্রতিষ্ঠা করা, নতুন কর্মসংস্থান এবং অর্থনৈতিক সুযোগের তৈরিকরণ উৎসাহিত করা, স্টেট এবং তার মিউনিসিপ্যালিটিস রাজস্ব বৃদ্ধি করা এবং স্থিতিশীল ও বৈচিত্র্যময় স্থানীয় অর্থনীতি অর্জন করা। ঋণ, অনুদান, ট্যাক্স ক্রেডিট এবং অন্যান্য ধরনের অর্থনৈতিক সহায়তা ব্যবহারের মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটে কর্মসংস্থান সৃষ্টি শুরু করা এবং উন্নত কমিউনিটিকে সহায়তা করার জন্য ESD ব্যক্তিগত ব্যবসায় বিনিয়োগ বৃদ্ধি করার প্রচেষ্টা চালাচ্ছে। এছাড়াও নিউ ইয়র্কের রিজিওনাল ইকোনোমিক ডেভেলপমেন্ট কাউন্সিলস (New York State Regional Economic Development Councils) এবং "আমি নিউ ইয়র্ককে ভালোবাসি" ("I LOVE NEW YORK"), যা এই স্টেটের সব চেয়ে আদর্শ ভ্রমণ ব্যবস্থার ব্র্যান্ডের বিপণন তত্ত্বাবধান করার প্রাথমিক প্রশাসনিক এজেন্সি হল এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD)। রিজিওনাল কাউন্সিলস (Regional Councils) এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট সম্পর্কে আরও তথ্যের জন্য www.regionalcouncils.ny.gov এবং www.esd.ny.gov এ যান অনুগ্রহ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418